

# 💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪১৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭২৯]

১০. কিতাবুল আযান (کتاب الأذان)

পরিচ্ছেদঃ ইমাম এবং মুক্তাদীর মাঝখানে যদি দেয়াল বা পর্দা থাকে

باب إِذَا كَانَ بَيْنَ الإِمَامِ وَبَيْنَ الْقَوْمِ حَائِطٌ أَوْ سُتْرَةٌ

### আরবী

الله عَنْ عَائِشَةَ رَضِيَ الله عَنْهَا قَالَتْ: كَانَ رَسُولُ اللّهِ يُصلِّي مِنَ اللَّيْلِ فِي حُجْرَتِهِ، وَجِدَارُ الْحُجْرَةِ قَصِيرٌ، فَرَأَى النَّاسُ شَخْصَ النَّبِيِّ فَقَامَ أُنَاسٌ يُصلُّونَ بِصلاتِهِ، وَجَدَارُ الْحُجْرَةِ قَصِيرٌ، فَرَأَى النَّاسُ شَخْصَ النَّبِيِّ فَقَامَ أُنَاسٌ يُصلُّونَ بِصلاتِهِ، صنَعُوا فَاتَحَدَّثُوا بِذَلِكَ، فَقَامَ اللَّيْلَةَ التَّانِيَةَ، فَقَامَ مَعَهُ أُنَاسٌ يُصلُّونَ بِصلاتِهِ، صنَعُوا ذَلِكَ لَيْلَتَيْنِ أَقْ تُلاَتًا، حَتَّى إِذَا كَانَ بَعْدَ ذَلِكَ، جَلَسَ رَسُولُ اللَّهِ فَلَمْ يَحْرُجْ، فَلَمَّا أَصنبَحَ ذَلِكَ لَيْلَتَيْنِ أَقْ تُلاَتًا، حَتَّى إِذَا كَانَ بَعْدَ ذَلِكَ، جَلَسَ رَسُولُ اللَّهِ فَلَمْ يَحْرُجْ، فَلَمَّا أَصنبَحَ ذَلِكَ النَّاسُ، فَقَالَ إِنِي خَشِيتُ أَنْ تُكْتَبَ عَلَيْكُمْ صَلاةُ اللَّيْلِ

#### বাংলা

8১৮) আয়েশা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম স্বীয় কক্ষেই রাতের (নফল) নামায আদায় করতেন। কক্ষের দেয়াল নীচু থাকার কারণে নামাযরত অবস্থায় লোকেরা একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের শরীর দেখে ফেলল। তাই কতিপয় লোক তাঁর পেছনে ইক্তেদা (অনুসরণ) করে নামাযে দাঁড়িয়ে গেল। সকালে তাঁরা বিষয়টি অন্যদের সাথে আলোচনা করলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দিতীয় রাতে যখন নামাযে দাঁড়ালেন তখনও কতিপয় তাঁর ইক্তেদা করে নামাযে দাঁড়িয়ে গেল। তাঁরা দু'রাত অথবা তিন রাত এরকমই করলেন। তারপর পরবর্তী রাত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঘরেই বসে রইলেন। নামাযের জন্য বের হলেন না। সকালে লোকেরা বিষয়টি নিয়ে আলোচনা করল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তখন বললেনঃ আমার আশক্ষা হল, এভাবে নামায আদায় করতে থাকলে তোমাদের উপর রাতের নামায ফর্য করে দেয়া হবে।

## **English**

If there is a wall or a Sutra between the Imam and followers

#### Narrated `Aisha:

Allah's Messenger () used to pray in his room at night. As the wall of the



room was LOW, the people saw him and some of them stood up to follow him in the prayer. In the morning they spread the news. The following night the Prophet (ﷺ) stood for the prayer and the people followed him. This went on for two or three nights. Thereupon Allah's Messenger (ﷺ) did not stand for the prayer the following night, and did not come out. In the morning, the people asked him about it. He replied, that he way afraid that the night prayer might become compulsory.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন